যুগান্তর

তারিখ 10 FEB 2008
পৃষ্ঠা ১৫ কলাম ৮

# ইনডেক্সধারী শিক্ষকদের এমপিওভুক্ত করার দাবি

অবিলম্বে শাখা খোলার জন্য মন্ত্রণালয়ের অজুহাত না দেখিয়ে নিয়োগপ্রাপ্ত অভিজ্ঞ ইনডেক্সধারী শিক্ষকদের এমপিওভুক্ত করার দাবি জানিয়েছে শিক্ষক কর্মচারী ঐক্যজোট নেতারা। শনিবার এক বিবৃতিতে ঐক্যজোটের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভূইয়া, আহ্বায়ক কাজী আবদুর রাজ্জাক, মাওলানা এমএ লতিফ, চৌধুরী মুগীসউদ্দিন মাহমুদসহ অন্য নেতারা এ দাবি জানান। নেতারা বলেন, অভিজ্ঞ নিয়োগপ্রাপ্ত ইনডেক্সধারী শিক্ষকরা নতুন প্রতিষ্ঠানে এমপিওভুক্ত না হয়ে মানবেতর জীবনযাপন করছেন। এসব শিক্ষক এমপিও'র আবেদন করলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের দফতরে সরকারি কলেজ থেকে প্রেষণে কর্মরত কর্মকর্তারা নতুন নতুন আইনের ধোয়া তুলে বেসরকারি শিক্ষকদের হয়রানি করছে। শাখা খোলার জন্য আগে শিক্ষা মন্ত্রণালয়ের কোন অনুমতির প্রয়োজন হতো না। মন্ত্রণালয়ে গিয়ে শিক্ষকরা শাখা খোলার অনুমতি নিতে পারছেন না বলে শিক্ষক পরিবারকে এক দুর্বিষহ অবস্থার মধ্যে জীবন কাটাতে হচ্ছে। এতে শিক্ষার সার্বিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।